

বাংলাদেশ সিভিল সার্ভিস উইমেন নেটওয়ার্ক (BCSWN)- এর কার্যনির্বাহী কমিটির অষ্টম সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
সভাপতি, বিসিএস উইমেন নেটওয়ার্ক
ও
সচিব, খাদ্য মন্ত্রণালয়।
সভার মাধ্যম : জুম কনফারেন্স।
তারিখ ও সময় : ০৪ আগস্ট ২০২১, রাত ৮.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য / কর্মকর্তাদের তালিকা ‘পরিশিষ্ট - ক’ তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতি বিসিএস উইমেন নেটওয়ার্ক এর কার্যনির্বাহী কমিটির উপস্থিত সকলকে স্বাগত জানান। প্রথমেই তিনি সংযুক্ত সকলের কুশলাদি জানতে চান এবং বলেন, আমাদের দেশ এখন কোভিড-১৯ ওয় ওয়েবের ভয়াবহ পরিস্থিতির সম্মুখীন হওয়া সত্ত্বেও সকল সেক্টরের কর্মকর্তারা তাঁদের স্ব স্ব দপ্তরের নির্দেশনা বাস্তবায়নে অত্যন্ত তৎপর। তিনি নেটওয়ার্কের সকল কর্মকর্তাকে সর্বোচ্চ সতর্কতা মেনে তাঁদের দায়িত্ব পালনের অনুরোধ জানান।

অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য নেটওয়ার্কের মহাসচিব মি.জ. সায়লা ফারজানাকে আহ্বান করেন।

২.০ সভা পরিচালনার প্রারম্ভে মহাসচিব বিগত ০৩/০৭/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পড়ে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী এবং সংযোজনী না থাকায় তা দৃঢ় করা হয়। এরপর আজকের সভার এজেন্ডাসমূহ উপস্থাপন করা হয় এবং প্রত্যেকটি বিষয়ে সদস্যগণ তাদের মতামত তুলে ধরেন। বিস্তারিত আলোচনাস্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

৩.০ বিষয়: গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

ক্রমিক নং	গত সভার সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি
১.	৩.১.০ বিষয়ঃ বিসিএস উইমেন নেটওয়ার্কের সদস্যদের বিভিন্ন সৃষ্টিশীল কার্যক্রমকে স্বীকৃতি দেওয়া। ৩.১.২ সিদ্ধান্ত: বিসিএস উইমেন নেটওয়ার্কের বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে সদস্যদের বিভিন্ন অর্জনগুলো তুলে ধরা হবে এবং তাঁদের কাজের স্বীকৃতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।	বিভিন্ন ক্যাডারের নারী কর্মকর্তাদের মধ্যে যাঁরা তাঁদের কর্মক্ষেত্রে সাফল্যের কারণে পুরস্কার প্রাপ্ত হয়েছেন তাঁদের একটি তালিকা তৈরি করা হয়েছে। জনপ্রশাসন পদক, শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা তৈরী করে পরবর্তীতে নেটওয়ার্কের পক্ষ থেকে তাঁদের অভিনন্দন জানানো হবে এবং একটি অনুষ্ঠানের আয়োজন করে তাঁদের কাজের স্বীকৃতি প্রদান করা হবে।

২.	<p>৩.২.০ বিষয়: নেটওয়ার্কের জন্য কর্মসূচী প্রণয়ন করা।</p> <p>৩.২.২ সিদ্ধান্ত: নেটওয়ার্ক হতে নারী উন্নয়ন বিষয়ক কর্মসূচী প্রণয়ন করতে হবে।</p>	<p>কর্মসূচীর একটি খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া পরীক্ষা নিরীক্ষার নিমিত্ত পাঁচ সদস্য বিশিষ্ট একটি যাচাই উপকমিটি নিম্নোক্তভাবে তৈরি করা হলো-</p> <p>১। মিজ. ফারহিনা আহমেদ, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও সহ-সভাপতি, বিসিএস উইমেন নেটওয়ার্ক।</p> <p>২। মিজ. শামিমা বেগম পিপিএম, যুগ্ম পুলিশ কমিশনার, ডিএমপি ঢাকা, ও যুগ্ম-মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক।</p> <p>৩। মিজ. সুলতানা ইয়াসমিন, উপ-সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও নির্বাহী সদস্য, বিসিএস উইমেন নেটওয়ার্ক।</p> <p>৪। ড. বিলকিস বেগম, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ ও দপ্তর সম্পাদক, বিসিএস উইমেন নেটওয়ার্ক।</p> <p>৫। মিজ. জেবুন নেছা হায়দার, চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও সহকারী কোষাধ্যক্ষ, বিসিএস উইমেন নেটওয়ার্ক।</p> <p>পাঁচ সদস্য বিশিষ্ট যাচাই উপকমিটি খসড়া কর্মসূচীটি যাচাই করে পূর্ণাঙ্গ কর্মসূচী তৈরি করবে এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।</p>
৩.	<p>৩.৩.০ বিষয়: জেন্ডার আওয়ারনেস বিষয়ক সেমিনার/ট্রেনিং/ওয়ার্কশপ আয়োজন করা।</p> <p>৩.৩.২ সিদ্ধান্ত: জেন্ডার আওয়ারনেস বিষয়ক সেমিনার/ট্রেনিং/ওয়ার্কশপ আয়োজন করা হবে।</p>	<p>জেন্ডার আওয়ারনেস বিষয়ক সেমিনার/ট্রেনিং/ওয়ার্কশপ আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে।</p>
৪.	<p>৩.৪.০ বিষয়: করোনা মহামারিকালে নারী কর্মকর্তাদের মানসিক স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক ওয়েবিনারের আয়োজন।</p> <p>৩.৪.২ সিদ্ধান্ত: Women harassment at workplace/মেন্টাল হেলথ বিষয়ক একটি ওয়েবিনার আয়োজন করা হবে।</p>	<p>Women harassment at workplace বিষয়ক ওয়েবিনার আয়োজন করার বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন সাইকিয়াট্রিস্টের সাথে যোগাযোগ করা হয়েছে। আগস্ট মাসের পর সুবিধামত একটি সময়ে</p>

		ওয়েবিনার আয়োজন করা হবে।
৫.	৩.৫.০ বিষয়: Professionalism সংক্রান্ত বিভাগীয় পর্যায়ে প্রশিক্ষণ। ৩.৫.২ সিদ্ধান্ত: এ বিষয়ে একটি কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে।	কর্মপরিকল্পনা প্রক্রিয়াধীন।
৬.	৩.৬.০ বিষয়: নারী কর্মকর্তাদের পদায়ন ও নীতি নির্ধারনী পর্যায়ে সম্পৃক্ততা ৩.৬.২ সিদ্ধান্ত: প্রতিটি ক্যাডারের কোন পর্যায়ে কতজন নারী কর্মকর্তা কর্মরত আছেন সে তথ্য সংগ্রহ করে একটি প্রস্তাবনা তৈরি করতে হবে।	ড. নাহিদা ফরিদী, প্রথম সচিব (শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড ও উন্নয়ন ও গবেষণা বিষয়ক সম্পাদক, বিসিএস উইমেন নেটওয়ার্ক প্রত্যেক ক্যাডারের নারী কর্মকর্তাদের তালিকা প্রস্তুত করেছেন।
৭.	৩.৭.০ বিষয়: নতুন অফিস কক্ষ বরাদ্দ সংক্রান্ত। ৩.৭.২ সিদ্ধান্ত: গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব বরাবর অফিস বরাদ্দ ও অফিস মেরামত বিষয়ক দুইটি পৃথক পত্র প্রেরণ করতে হবে।	নতুন অফিস কক্ষ বরাদ্দ সংক্রান্ত পত্র তৈরি করা হচ্ছে।
৮.	৩.৮.০ বিষয়: বিসিএস উইমেন নেটওয়ার্কের ওয়েবসাইট তৈরি ও সদস্য সংগ্রহ ওয়েবপেইজটি সচল করা। ৩.৮.২ সিদ্ধান্ত: বিসিএস উইমেন নেটওয়ার্কের ওয়েবসাইট এবং Membership Growth কমিটির ওয়েবসাইট দ্রুত তৈরি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ওয়েবসাইট তৈরি ও সদস্য সংগ্রহ ওয়েবপেইজটি সচল করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ওয়েবপেইজটিতে তথ্য আপলোড করা হচ্ছে। আগামী সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে উদ্বোধন করা হবে।
৯.	৩.৯.০ বিষয়: জেন্ডার বিষয়ক গাইডলাইন পর্যালোচনা করা। ৩.৯.২ সিদ্ধান্ত: একটি ওয়ার্কশপ আয়োজন করে জেন্ডার গাইডলাইনটি হালনাগাদ করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের কাছে পুনরায় হস্তান্তর করতে হবে।	আগামী সভায় কমিটির সদস্যবৃন্দ জেন্ডার গাইডলাইন বিষয়ে তাঁদের মতামত তুলে ধরবেন।
১০.	৩.১০.০ বিষয়: বিসিএস উইমেন নেটওয়ার্কের কর্মপরিকল্পনা হালনাগাদ করা। ৩.১০.২ সিদ্ধান্ত: পরবর্তী সভায় কর্মপরিকল্পনা উপস্থাপন করতে হবে।	২০২১ সালের জন্য কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। কর্ম পরিকল্পনা অনুযায়ী নেটওয়ার্কের কার্যক্রম পরিচালিত হবে।
১১.	৩.১১.০ বিষয়: বিসিএস উইমেন নেটওয়ার্কের বিগত দুই বছরের অডিট করা এবং টেলিফোন, ফ্যাক্স সংযোগ স্থায়ী বন্ধ করা। ৩.১১.২ সিদ্ধান্ত: সমবায় অধিদপ্তরের সহযোগিতা নিয়ে বিসিএস উইমেন নেটওয়ার্কের বিগত দুই বছরের আয়-ব্যয়ের অডিট করতে হবে এবং টেলিফোন, ফ্যাক্স সংযোগ স্থায়ী বন্ধ করতে হবে।	সমবায় অধিদপ্তরের সাথে যোগাযোগ করা হয়েছে। এবং বিসিএস উইমেন নেটওয়ার্কের টেলিফোন, ফ্যাক্স সংযোগ স্থায়ী বন্ধ করা হয়েছে।

৩.১.০ বিষয়: ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে করোনাকালে কর্মহীন হয়ে পড়া কিছু নারীদের আর্থিক সহায়তা প্রদান করা।

৩.১.১ আলোচনা: মহাসচিব মিজ. সায়লা ফারজানা বলেন যে, করোনার এই অতিমারীতে আমাদের দেশ এখন ওয় ওয়েবের ভয়াবহ পরিস্থিতির সম্মুখীন। চলমান লকডাউনে গ্রাম শহরের বহু মানুষ কর্মহীন হয়ে পড়েছে। এসব কর্মহীন অসহায় মানুষদের সহায়তার লক্ষ্যে বিসিএস উইমেন নেটওয়ার্কের পক্ষ হতে লকডাউনে কর্মহীন হয়ে পড়া কিছু মানুষকে অর্থ সহায়তা করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এ বিষয়টিকে সভাপতি স্বাগত জানান এবং একটি ভালো উদ্যোগ উপস্থাপন করার জন্য মহাসচিবকে ধন্যবাদ জানান। সভাপতি বলেন যে, আর্থিক সহায়তা উদ্যোগ সংক্রান্ত একটি লেখা তৈরি করে একটি বিকাশ নম্বর দিতে হবে। লেখাটি ফেসবুক পেজে পোস্ট দিতে হবে এবং নারী কর্মকর্তাদের তাঁদের সাধ্য মত টাকা দিয়ে এ মহান উদ্যোগে অবদান রাখার জন্য উৎসাহিত করতে হবে। বিসিএস উইমেন নেটওয়ার্কের সাংঠনিক সম্পাদক আসমা সুলতানা, উপসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নিজ উদ্যোগে আর্থিক সহায়তার পাশাপাশি সকলকে বিসিএস উইমেন নেটওয়ার্কের নাম সম্বলিত মাস্ক দেওয়ার বিষয়ে আগ্রহ প্রকাশ করায় নেটওয়ার্কের সভাপতি ও উপস্থিত সদস্যবৃন্দ তাঁকে ধন্যবাদ জানান।

৩.১.২ সিদ্ধান্ত: ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে করোনাকালে কর্মহীন হয়ে পড়া কিছু নারীদের আর্থিক সহায়তা প্রদান করা হবে। আর্থিক সহায়তা প্রদানকালে নেটওয়ার্কের কার্যক্রম এবং করোনার বিস্তার রোধকল্পে সচেতনামূলক কিছু বক্তব্যসহ একটি লিফলেট বিতরণ করা হবে।

৩.১.৩ বাস্তবায়ন: মিজ. শামিমা বেগম পিপিএম, যুগ্ম পুলিশ কমিশনার (ট্রান্সপোর্ট), ডিএমপি ঢাকা, ও যুগ্ম-মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

৩.২.০ বিষয়: বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ঐর ৯১তম জন্মদিন উদযাপন ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক প্রদান উপলক্ষে ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে অংশগ্রহণ:

৩.২.১ আলোচনা: মহাসচিব বলেন যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আগামী ০৮ আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ঐর ৯১তম জন্মদিন উদযাপন ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব পদক প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি অংশগ্রহণ করবেন। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয় বিসিএস উইমেন নেটওয়ার্কের সদস্যদের অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানিয়েছেন।

৩.২.২ সিদ্ধান্ত: আগামী ৮ আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ঐর জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে নেটওয়ার্কের সদস্যদের ওসমানী স্মৃতি মিলনায়তনে উপস্থিত থাকতে হবে।

৩.২.৩ বাস্তবায়ন: মিজ. সায়লা ফারজানা, যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ ও মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

৩.৩.০ বিষয়: জাতীয় শোক দিবস-২০২১ উপলক্ষে আলোচনা সভা আয়োজন।

৩.৩.১ আলোচনা: মহাসচিব নেটওয়ার্ক কর্তৃক গত বছরের ন্যায় এবারও ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২১ উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শূভেচ্ছা জানানোর বিষয়টি উপস্থাপন করেন। আলোচনা সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব সম্পর্কে বক্তব্য রাখার জন্য অধ্যাপক মাহমুদা খাতুন, অধ্যক্ষ, ভাষণটেক সরকারী কলেজ ও সহ-সভাপতি, বিসিএস উইমেন নেটওয়ার্ক এবং মিজ. সুবর্ণা চৌধুরী, কমিশনার, ইনকামট্যাক্স, ঢাকা ও যুগ্ম-মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক আগ্রহ প্রকাশ করেন।

৩.৩.২ সিদ্ধান্ত: আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে বিয়ামে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হবে এবং ওয়েবিনারের মাধ্যমে আলোচনা সভার আয়োজন করা হবে। বঙ্গবন্ধু সম্পর্কে মিজ. সুবর্ণা চৌধুরী, কমিশনার, ইনকামট্যাক্স, ঢাকা ও যুগ্ম-মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক এবং বঙ্গমাতা সম্পর্কে অধ্যাপক মাহমুদা খাতুন, অধ্যক্ষ, ভাষণটেক সরকারী কলেজ ও সহ-সভাপতি, বিসিএস উইমেন নেটওয়ার্ক আলোচনা করবেন। সভাপতির সঙ্গে আলোচনা করে পরবর্তীতে প্রধান অতিথি, বিশেষ অতিথি, এবং মূখ্য আলোচক নির্বাচন করা হবে।

৩.৩.৩ বাস্তবায়ন: মিজ. সায়লা ফারজানা, যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ ও মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক।


৩.৪.০ বিষয়: বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ঐর জন্মবার্ষিকী ও জাতীয় শোক দিবসে ফেসবুক পেজে বাণী দেওয়া।

৩.৪.১ আলোচনা: সহ-সভাপতি মিজ. ফারহিনা আহমেদ আগামী ৮ আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ঐর জন্মবার্ষিকী ও ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে ফেসবুক পেজে ও ওয়েবসাইটে সভাপতি ও মহাসচিবের যৌথ স্বাক্ষরে দুটি বাণী দেওয়ার বিষয়টি আলোকপাত করেন।

৩.৪.২ সিদ্ধান্ত: বঙ্গমাতার জন্মবার্ষিকী ও জাতীয় শোক দিবসে বিসিএস উইমেন নেটওয়ার্কের ফেসবুক পেজে প্যাডে বাণী প্রচার করতে হবে।

৩.৪.৩ বাস্তবায়ন: বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ঐর জন্মবার্ষিকীতে মিজ. ফারহিনা আহমেদ, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও সহ-সভাপতি, বিসিএস উইমেন নেটওয়ার্ক এবং জাতীয় শোক দিবসে মিজ. রায়হানা তসলিম, প্রকল্প পরিচালক, ৯ টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও নির্বাহী সদস্য, বিসিএস উইমেন নেটওয়ার্ক বাণীর খসড়া প্রদান করবে।

আলোচনা শেষে সভাপতি সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্টদের উদ্যোগী হওয়ার আহ্বান জানান এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৭/০৮/২০২২
(ড. মোহাম্মৎ নাজমানারা খানুম)
সভাপতি
বিসিএস উইমেন নেটওয়ার্ক
ও
সচিব, খাদ্য মন্ত্রণালয়